

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৭ ডিসেম্বর ২০২২ খ্রি.

### চসিকের বিজয় দিবসের কর্মসূচিতে মেয়র রেজাউল করিম চৌধুরী মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত মূল্যবোধ রক্ষা করতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, বিজয়ের অনুভূতি সব সময় আনন্দের। তবে একই সঙ্গে দিনটি বেদনারও বিশেষ করে যারা স্বজন হারিয়েছে তাদের জন্য। অগনিত মানুষের আত্মত্যাগের ফসল আমাদের স্বাধীনতা। এবারের বিজয় দিবসে মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত হয়ে সকল ষড়যন্ত্রের জাল ছিন্ন করে বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রাকে আরো এগিয়ে যাতে হবে। মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত মূল্যবোধ রক্ষা করতে হবে। মহান বিজয় দিবস-২০২২ উপলক্ষে গতকাল শুক্রবার সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে চট্টগ্রাম সরকারি কলেজ সংলগ্ন প্যারেড মাঠে দিনব্যাপী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও সচিব খালেদ মাহমুদের পরিচালনায় অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন- প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, আফরোজা কালাম, সমাজ কল্যাণ স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর আবদুস সালাম মাসুম, শিক্ষা স্ট্যান্ডিং কমিটির সভাপতি ড. নিছার উদ্দিন আহমদ মঞ্জু, কাউন্সিলর নুরু মোস্তফা টিনু, হাসান মুরাদ বিপ্লব, মোহাম্মদ জাবেদ, আবুল হাসনাত মো. বেলাল, কাজী মো. নুরুল আমিন, আতাউল্লাহ চৌধুরী, পুলক খাস্তগীর, জহর লাল হাজারী, মো. মো. নুরুল আমিন, সংরক্ষিত কাউন্সিলর জেসমিন পারভীন জেসি, রুমকী সেনগুপ্ত, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুল্লাহর, প্রধান রাজস্ব কর্মকর্তা মো. নজরুল ইসলাম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী, যুগ্ম জেলা জজ মনীষা মহাজন, নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী, শিক্ষা কর্মকর্তা উজালা চাকমা, সিটি মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাসেম, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, উপসচিব আশেক রসুল চৌধুরী টিপু প্রমুখ।

মেয়র আরো বলেন, বাংলাদেশ মুক্তিযুদ্ধে অর্জিত স্বাধীন সার্বভৌম একটি রাষ্ট্র। যে রাষ্ট্রের মর্মবানী হবে জাতীয়তাবাদ, গণতন্ত্র, সমাজতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা। জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ, ধর্মান্ধতা, মৌলবাদও মাদক প্রতিহত করে এদেশ আবার ঘুরে দাঁড়িয়েছে বিশ্বের বুকে। ঐসব অপশক্তিকে সমূলে উৎখাত করে উন্নয়ন ও সমৃদ্ধির স্বর্ণশিখরে আরোহন করাই বর্তমান সরকারের লক্ষ্য। দিবসের অন্যান্য কর্মসূচির মধ্যেছিল সূর্যোদয়ের সাথে সাথে চসিক মিউনিসিপ্যাল মডেল স্কুল এণ্ড কলেজ প্রাঙ্গণে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন, সকাল ৭টায় নগর ভবনস্থ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন, সকাল ৮টায় চসিক স্কুল কলেজের ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী সমাবেশ, ৮.১৫মি পবিত্র কোরআন তেলোয়াত, জাতীয় পতাকা উত্তোলন, কুচকাওয়াজ ও সালাম গ্রহণ, ছাত্র-ছাত্রীদের ডিসপ্লে এবং ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা ও সচিব খালেদ মাহমুদ এর ধন্যবাদ জ্ঞাপন।

সামশুন নাহার হারুন পলিটেকনিক ইনস্টিটিউটের বিজয় দিবসের আলোচনা সভায় মেয়র

### প্রজন্ম থেকে প্রজন্মে মহান মুক্তিযুদ্ধের চেতনা পৌঁছে দিতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র সামশুন নাহার পলিটেকনিক ইনস্টিটিউটের চেয়ারম্যান মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর মুক্তিযুদ্ধের বিজয়ের মাধ্যমে বাংলাদেশ নামক রাষ্ট্রের প্রতিষ্ঠা হলো বাঙালী জাতির শ্রেষ্ঠ অর্জন। এই অর্জনকে অর্থবহ করতে স্বাধীনতার মহানায়ক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান এবং মুক্তিযুদ্ধ সম্পর্কে সবাইকে জানতে ও জানাতে হবে। প্রজন্ম থেকে প্রজন্মে মহান মুক্তিযুদ্ধের চেতনা পৌঁছে দিতে হবে

সবার মাঝে। মহান বিজয় দিবসে এটাই হউক আমাদের অঙ্গিকার। গতকাল শুক্রবার সকালে বহুদারবাড়িস্থ সামশু নাহার পলিটেকনিক ইনস্টিটিউটের উদ্যোগে মহান বিজয় দিবসের আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

সামশু নাহার পলিটেকনিক ইনস্টিটিউটের ভারপ্রাপ্ত অধ্যক্ষ নাজমুল হুদার সভাপতিতে শিক্ষিকা সাকিয়া হুসনি'র সঞ্চালনায় সভায় প্রধান বক্তা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের কারিকুলাম বিশেষজ্ঞ রূপন কান্তি বিশ্বাস, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন-প্রতিষ্ঠানের পরিচালক ও প্রতিষ্ঠাতার কন্যা সাবিহা তাসনিম তানিম, পলিটেকনিক কলেজের সাবেক বিভাগীয় প্রধান তাপস কান্তি। এতে উপস্থিত ছিলেন শিক্ষক-শিক্ষিকা, ছাত্র-ছাত্রী, অভিভাবক কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। আলোচনা সভা শেষে মধ্যে সাংস্কৃতিক অনুষ্ঠানে দেশাত্মবোধক গান পরিবেশিত হয়।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩